



# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

## গোপালগঞ্জ ।

www.gopalganjpourashava.org

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- গোপৌঃ/সাঃ-৩৭২/২০২২-২৩/

তারিখ :

### গোপালগঞ্জ পৌর পরিষদের ০৩ নং সাধারণ সভার কার্য-বিবরণী

সভাপতি : জনাব শেখ রকিব হোসেন  
মেয়র, গোপালগঞ্জ পৌরসভা ।  
সভা : পৌরসভা সম্মেলন কক্ষ ।  
তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২২ ইং ।  
সময় : বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত কাউন্সিলরদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট “ক” এবং কর্মকর্তাদের নাম পরিশিষ্ট “খ”তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এ.এইচ.এম. রকিবুল ইসলাম  
ত ১৭ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত পৌর পরিষদের দ্বিতীয় সভার কার্য বিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতভাবে অনুমোদিত হয় ।

১ নং আলোচনাঃ (উন্নয়ন মূলক কর্মকান্ড প্রসংগে) : গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান গোপালগঞ্জ পৌরসভায় তৃতীয় নগর পরিচালন  
অবকাঠামো উন্নতিকরণ(সেক্টর) প্রকল্প (UGHP-III), নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (UIDP) নগর অবকাঠামো  
উন্নয়ন প্রকল্প (UIIP)এর উন্নয়ন মূলক কাজ চলমান রয়েছে । তিনি পৌর এলাকার উন্নয়নের লক্ষ্যে প্রতিটি ওয়ার্ডের কাউন্সিলরদের স্ব স্ব ওয়ার্ডের উন্নয়ন মূলক  
কাজের তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন । এছাড়াও ১) পানি রোধক সড়ক বাতি, গ্লোব লাইট এবং এলইডি লাইট সরবরাহ এবং স্থাপন কাজ, ২) শিশুবন  
স্থাপন এবং আইআরপি প্লান্টে পাম্প স্থাপন এবং মটর স্থাপন কাজ, ৩) শেখ কামাল স্টেডিয়ামের পার্শ্ব বালু ভরাত এবং সলিং দ্বারা উন্নয়ন কাজ, ৪) শেখ রাসেল  
সড়ক পার্কের বাউন্ডারী ওয়ালে রং করা এবং শেখ রাসেল ম্যুরালে টাইলস ও ড্রেনের শ্রাব নির্মাণ, ৫) মশক নিধনের ঔষধ ও তেল ক্রয় কাজগুলি জরুরীভাবে  
সম্পন্ন করার জন্য বিস্তারিত আলোচনা করা হয় ।

সিদ্ধান্ত : এব্যাপারে বিস্তারিত আলোচনাতে প্রতিটি ওয়ার্ডের কাউন্সিলরদের স্ব স্ব ওয়ার্ডের উন্নয়নমূলক কাজের তালিকা প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত  
হয় এবং আলোচ্য ১ হতে ৫নং ক্রমিকের কাজগুলি দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা ।

২ নং আলোচনাঃ (ভূমি ব্যবহারের ছাড়পত্রের ফি নির্ধারণ প্রসংগে) : গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, পরিকল্পিত নগরায়নের  
জন্য মাষ্টার প্লান অনুযায়ী ইমারত নির্মাণের পূর্বে ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান করা প্রয়োজন । তিনি আরো বলেন পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে ভূমি ব্যবহার ফি  
নির্ধারণ করা আবশ্যিক । এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় ।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনাতে রাজস্ব আদায়ের স্বার্থে ভূমি ব্যবহার ফি ১০০০/- টাকা নির্ধারণ করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । উক্ত ফি ০১ অক্টোবর  
২০২২ হতে কার্যকরী হবে ।

বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা ।

৩ নং আলোচনাঃ (ওয়ারিশ সনদ তদন্ত ও ফি নির্ধারণ প্রসংগে) : গোপালগঞ্জ পৌরসভার ৯ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোহাম্মাদ নাজমুল হাসান সভায়  
জানান বর্তমানে পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে ওয়ারিশ সনদ প্রদান করা হয়ে থাকে । উক্ত সনদ প্রদানে মাঝে মধ্যে জটিলতা দেখা দেয় । তখন উক্ত ওয়ারিশ  
সনদ যাচাইয়ের জন্য তদন্ত করা আবশ্যিক । তিনি আরো বলেন যে উক্ত কাজে অর্থ ব্যয় হওয়ার দরুন ওয়ারিশ সনদ যাচাইয়ের ক্ষেত্রে ওয়ারিশ সনদ ফি নির্ধারণ করা  
আবশ্যিক । এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় ।

সিদ্ধান্ত : এব্যাপারে বিস্তারিত আলোচনাতে স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলরদের সুপারিশ অনুযায়ী যে সকল ওয়ারিশ তদন্ত করা হবে উক্ত তদন্তকৃত ওয়ারিশ সনদ  
প্রদানের ফি ৫০০/- টাকা নির্ধারণ করা হলো । এবং উক্ত তদন্ত ৭(সাত) দিনের মধ্যে দাখিল করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নে: স্যানিটারী ইন্সপেক্টর, গোপালগঞ্জ পৌরসভা ।

৪ নং আলোচনাঃ (বিশ্ব ব্যাংক সহায়তাপুষ্টি লোকাল গভারনমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি শীর্ষক প্রকল্পের (Implementation  
participation Agreement(IPA) স্বাক্ষর প্রসংগে) : গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী মহোদয় জানান, বিশ্ব ব্যাংক সহায়তাপুষ্টি লোকাল গভারনমেন্ট  
কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি শীর্ষক প্রকল্পের কাজ শিঘ্রই শুরু হবে । উক্ত প্রকল্প শুরু করার লক্ষ্যে (Implementation participation  
Agreement(IPA) Regional Workshop এ স্বাক্ষরের জন্য প্রকল্প পরিচালক, লোকাল গভারনমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট, স্থানীয়  
সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা প্রেরণ করা প্রয়োজন । (Implementation participation Agreement(IPA) চুক্তি স্বাক্ষরের বিষয় নিয়ে বিস্তারিত  
আলোচনা করা হয় ।

সিদ্ধান্ত : বিশ্ব ব্যাংক সহায়তাপুষ্টি লোকাল গভারনমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি শীর্ষক প্রকল্পের (Implementation participation  
Agreement(IPA) Regional Workshop এ প্রেরণের জন্য বিস্তারিত আলোচনা শেষে চুক্তিপত্র তৈরি করা হয় । প্রকল্প পরিচালক, লোকাল গভারনমেন্ট  
কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণের লক্ষ্যে সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা ।

৫ নং আলোচনা (ক)ঃ (বেতন বৃদ্ধি প্রসংগে) : পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব সভায় জানান, পৌরভবনের ইমাম মোঃ রেজাউল করিম, গোপালগঞ্জ  
পৌরসভা জামে মসজিদ এর ইমাম মাওলানা আব্দুস সুবহান এবং মুয়াজ্জিন মাওলানা বাহা উদ্দিন তাদের ছেলে মেয়েদের লেখাপড়া, বৃদ্ধ অসুস্থ মা এবং দৈনন্দিন